

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

সূত্রঃ ২৮.০৩.০০০০.০৮২.০১.০১৪.১৭-

তারিখঃ ২৮/০১/২০১৯

বিষয়ঃ “বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন” সংক্রান্ত সভার কার্যবিবরণী।

বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের “বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন” সংক্রান্ত কমিটির মাসিক সভা কর্পোরেশন এর সচিব জনাব কাজী মোহাম্মদ হাসান এর সভাপতিত্বে ২৮-০১-২০১৯ তারিখ বেলা ১২.০০ ঘটিকায় বিপিসি’র বোর্ড সভা কক্ষে অনুষ্ঠিত হয় (সভার উপস্থিতিঃ সংলগ্নী-ক)।

২.০ আলোচনাঃ

সভার প্রারম্ভে সভাপতি বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। গত ০২/০১/২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম এর অগ্রগতি নিয়ে সভায় বিশদভাবে আলোচনা করা হয়। সভায় ইনোভেশন টিমের সদস্য-সচিব বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহ কর্তৃক প্রণয়নকৃত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৮-১৯ এর হালনাগাদকৃত তথ্য বিপিসি’র ওয়েবসাইটে প্রকাশের বিষয়টি অবহিত করেন। এছাড়া কর্মপরিকল্পনা অনুযায়ী অধিকাংশ কাজ বাস্তবায়িত হচ্ছে মর্মে অবহিত করা হলে সভাপতি তাতে সন্তোষ প্রকাশ করেন। তবে উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ইনোভেশন টিমের কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণ আয়োজনের বিষয়টি উপস্থাপিত হলে বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের মোট ২০ (বিশ) জন কর্মকর্তার জন্য বিআইএম এর চট্টগ্রাম ক্যাম্পাসে আগামী মাসে ০২ (দুই) দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন করা হচ্ছে মর্মে সভায় জানানো হয়। সভাপতি পরবর্তীতে চট্টগ্রামের বাহিরে ০৫ (পাঁচ) দিনব্যাপী প্রশিক্ষণসহ বৈদেশিক প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে কোম্পানিসমূহের প্রতিনিধিদের অবহিত করেন।


গত ২৪/০১/২০১৯ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরিত বিপিসি’র ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক মূল্যায়ন ফরম অনুযায়ী বিপিসি’র অর্জন নিয়ে সভায় আলোচনা করা হয়। প্রক্ষেপণ অনুযায়ী অনেক উদ্দেশ্য অর্জন করা যায়নি মর্মে সভায় জানানো হয়। সে প্রেক্ষিতে সভাপতি আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে আইডিয়া ব্যাংকে একাউন্ট খোলার জন্য নির্দেশ দেন। উপরন্তু উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের জন্য বিপিসি ও অধীনস্থ কোম্পানিসমূহকে ২০১৮-১৯ অর্থ বছরের বাজেটে ০৫ (পাঁচ) লক্ষ টাকা অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ জানান। উল্লেখ্য, মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৮-১৯ এর ১০ নং উদ্দেশ্য অনুযায়ী ইনোভেশন খাতে বাজেট বরাদ্দ রাখার বিষয়টি উল্লেখ রয়েছে। এছাড়া ইনোভেশন মেন্টরিং এর জন্য মেন্টর-মেন্টি নির্বাচনের ক্ষেত্রে বিপিসি’র পরিচালক (অর্থ)-কে বিপিসি ও কোম্পানিসমূহের মেন্টর এবং স্ব-স্ব কোম্পানির মহাব্যবস্থাপক পর্যায়ের ১/২ জন কর্মকর্তাকে মেন্টি হিসেবে নির্বাচনপূর্বক নাম বিপিসি’তে প্রেরণের জন্য অনুরোধ করেন। এছাড়া আগামী মাসের মধ্যে ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ-সংক্রান্ত বিষয়ে নিজ নিজ প্রতিষ্ঠানে আরো সভা আয়োজনের মাধ্যমে উদ্ভাবনী কার্যক্রমকে ফলপ্রসূ করার বিষয়ে আশাবাদ ব্যক্ত করা হয়।

৩.০ সিদ্ধান্তঃ

প্রণয়নকৃত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৮-১৯ অনুযায়ী নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- (ক) আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে আইডিয়া ব্যাংকে একাউন্ট খুলতে হবে।
- (খ) বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৮-১৯ এর ১০ নং উদ্দেশ্য অনুযায়ী ২০১৮-১৯ অর্থ বছরের বাজেটে ০৫ (পাঁচ) লক্ষ টাকা অন্তর্ভুক্ত করতে হবে।
- (গ) উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০৫ (পাঁচ) দিনব্যাপী প্রশিক্ষণ ও বৈদেশিক প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (ঘ) বিপিসি’র পরিচালক (অর্থ)-কে বিপিসি ও কোম্পানিসমূহের মেন্টর এবং স্ব-স্ব কোম্পানির মহাব্যবস্থাপক পর্যায়ের ১/২ জন কর্মকর্তাকে মেন্টি হিসেবে নির্বাচনপূর্বক নাম বিপিসি’তে প্রেরণ করতে হবে।
- (ঙ) ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালু করতে হবে।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


28/01/2019
(কারী মৌহাম্মদ হাসান)
সচিব
ফোনঃ ০৩১-৭১৬৪১৩